



## লোক আদালত

প্রত্যেক রাজ্য প্রাধিকার অথবা জেলা প্রাধিকার অথবা সুপ্রীম কোর্ট আইনি পরিষেবা কমিটি অথবা হাইকোর্ট আইনি পরিষেবা কমিটি অথবা তালুক আইনি পরিষেবা কমিটি তদীয় বিবেচনা অনুযায়ী নির্দিষ্ট সময়ান্তরে এবং নির্দিষ্ট স্থানে লোক আদালত সংগঠিত করতে পারবেন।

একটি নির্দিষ্ট এলাকার জন্য গঠিত লোক আদালত কত জন কর্মরত বা অবসরপ্রাপ্ত বিচার বিভাগীয় অফিসার ও অন্যান্য ব্যক্তিগণকে নিয়ে গঠিত হবে তা রাজ্য প্রাধিকার, জেলা প্রাধিকার বা সুপ্রীম কোর্ট আইনি পরিষেবা কমিটি বা হাইকোর্ট আইনি পরিষেবা কমিটি বা তালুক আইনি পরিষেবা কমিটি যাঁরা এই লোক আদালত বসচ্ছেন তাঁদের দ্বারা স্থিরীকৃত হবে।

লোক আদালত কোন ক্ষেত্রে বিচারার্থ মামলা গ্রহণ করবেন

আইনি পরিষেবা পাওয়ার যারা যোগ্য (আগে বলা হয়েছে) সেই সব ক্ষেত্রে

ক) মামলার উভয় পক্ষই যদি সম্মত হয়; অথবা

খ) এক পক্ষ যদি মামলাটিকে লোক আদালতে মীমাংসার জন্য প্রেরণ করতে আদালতে দরখাস্ত করে, এবং প্রাথমিকভাবে আদালত মনে করেন যে মীমাংসার সম্ভাবনা আছে; অথবা

গ) আদালত যদি মনে করেন যে মামলাটি লোক আদালতে বিচারের উপযুক্ত তাহলে উপরোক্ত ক্ষেত্রগুলিতে আদালত লোক আদালতে মামলাটি বিচারার্থ প্রেরণ করবেন।

লোক আদালত গঠনকারী কোন প্রাধিকার বা কমিটি মামলার কোন পক্ষের কাছ থেকে পাওয়া দরখাস্তের ভিত্তিতে যদি মনে করেন যে মামলাটির লোক আদালতে বিচার হওয়া উচিত তাহলে লোক আদালত ঐ মামলার বিচার করতে পারবেন। কিন্তু অপর পক্ষের বক্তব্য শোনার যুক্তিযুক্ত সুযোগ না দিলে মামলাটিকে লোক আদালতে পাঠানো যাবে না।

লোক আদালত ন্যায়, সমদর্শিতা, স্বচ্ছতা এবং অন্যান্য আইনি নীতির দ্বারা পরিচালিত হয়ে যত দ্রুত সম্ভব মামলার পক্ষগুলির মধ্যে আপসরফা বা একটা ফয়সালায় পৌঁছবার চেষ্টা করবেন।

লোক আদালত কোন মামলায় রায় না দিয়ে মামলার পক্ষভুক্তদের আদালতে যাওয়ার পরামর্শ দিতে পারেন।

লোক আদালতে কোন মামলা প্রেরিত হলে আদালতে যে কোর্ট ফি জমা নেওয়া হয়েছিল তা ফেরৎ দেওয়া হবে।

লোক আদালতের কোন রায় দেওয়ানী আদালতের অথবা অন্য কোন উপযুক্ত আদালতের আদেশের সমতুল্য এবং বিবাদের সকল পক্ষের উপরই বাধ্যতামূলকভাবে প্রযোজ্য। এই রায়ের বিরুদ্ধে আপিল করা যায় না।

স্থায়ী লোক আদালত গঠিত হতে পারে। লোক আদালতের মাধ্যমে বিনা ব্যয়ে বিরোধের মীমাংসা ও দ্রুত সমাধানে পৌঁছানো সম্ভব বলে সমাজের দুর্বলতর শ্রেণী বিশেষ করে মহিলাদের ক্ষেত্রে এটি অত্যন্ত কল্যাণকর আইনি পরিষেবা।